দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ প্রত্রিকার ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা জেলা থেকে প্রকাশিত দৈনিক সময়ের সমীকরণ প্রত্রিকার ৮তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত পালন করা হয়েছে। দামুড়হুদা প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি ও দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশির এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী। গতকাল বৃহস্পতিবার সন্ধায় দামুড়হুদা প্রেসক্লাবে কেক কেটে জম্মদিন পালন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন,দামুড়হুদা প্রেসক্লাবের অর্থ সম্পাদক শমশের আলি, দামুড়হুদা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি,সাবেক সহসভাপতি হাফিজুর রহমান কাজল, খোলা কাগজের চুয়াডাঙ্গা প্রতিনিধি ও সিনিয়র সাংবাদিক শামসুজ্জোহা পলাশ,দৈনিক মাথাভাঙা পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মিরাজুল ইসলাম মিরাজ, দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য ও দৈনিক নবচিত্র পত্রিকার প্রতিনিধি এস এম সুজন, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রকিবুল হাসান তোতা, দৈনিক প্রশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলনসহ একঝাঁক সাংবাদিকবৃন্দ।

এসময় প্রধান অতিথি দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা সবসময় বস্তুনিষ্ঠা ও পরিচ্ছন্ন সংবাদ পরিবেশন করে আসছেন।এই পত্রিকা পড়তে আমার কাছে খুব ভালো লাগে। পত্রিকার উওর উওর সমৃদ্ধ কামনা করছি।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি বলেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকা কোন অশ্লীল বিঙ্গাপন ছাপা হয় না এ কারণে বাড়ির মা বোনেরাও এই পেপার পড়তে পারে।আরো সামনের দিকে এগিয়ে যাক এই কামনা করি।

দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী বলেন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকাটি আমার প্রথম থেকেই ভালো লাগে। কারণ সব সময় দেখেছি এই পত্রিকায় যে নিউজটাই ছাপা হয় তা তথ্যভিত্তিক।এই পত্রিকাটি প্রতিটি মানুষের দোড় গোড়ায় পৌয়ছে যাক এই প্রত্যশা করি।

কুষ্টিয়ায় শুভ সংঘের উদ্যোগে মাস্ক বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচী

“শুভকাজে সবার পাশে” দৈনিক কালের কন্ঠ পত্রিকার সহযোগী প্রতিষ্ঠান শুভ সংঘ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ও শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণসহ বিদ্যালয় আঙ্গিনায় বৃক্ষ রোপন করা হয়েছে। একই সাথে দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করা হয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় কুষ্টিয়া সদর উপজেলার দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলে এসব কর্মসুচী পালন করা হয়।

দৈনিক কালের কন্ঠ পত্রিকার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিকের সঞ্চালনায় বক্তব্য রাখেন দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আশরাফুল হক উজ্জ্বল, শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাধারন সম্পাদক কাকলী খাতুন, প্রচার সম্পাদক এসএম জামাল, সদস্য তরুণ কুমার ঘোষ দিক নির্দেশনামুলক ও সচেতনতামুলক বক্তব্য রাখেন।

শুভ কাজে সবার পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করে বক্তারা বলেন, যার মধ্যে দেশপ্রেম ও সত্যিকারের ভালোবাসা আছে সে কখনো খারাপ হতে পারে না। তাই আসুন আমরা প্রতিদিন একটি করে ভালো কাজ করতে শিখি। আর এই ভালো কাজের মধ্য দিয়ে দেশকে ভালোবাসা যায়, সমাজকে ভালোবাসা যায়, পরিবারকে তথা সকলকেই ভালোবাসা যায়। সকল অসুন্দরকে রুখতে তরুণদের সবার আগে এগিয়ে আসতে হবে। কারণ, তরুণরাই

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বাদীর অভিযোগপত্র থেকে জানা যায়, মানব উন্নয়ন কেন্দ্র মউকে চাকুরী সূত্রে মোছা: নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খানের সাথে পরিচয় হয়। কাজের সূত্রে আমঝুপি ফার্ম সংলগ্ন মউক হেলথ কেয়ারের দায়িত্ব পালনের সময়ে গত তিন মাস আগের ২৩/০৮/২২ তারিখে আনুমানিক বেলা ১২টার সময়ে আমাকে ছাদে যাওয়ার জন্য ডাকলে, আমি সরল বিশ্বাসে ছাদে উঠলে, আমাকে জড়িয়ে ধরে বেশ কয়েকটি ছবি তোলে, আমি স্বাভাবিকভাবে সহজ-সরল বিশ্বাসে সহকর্মী হিসাবে তখন কিছু বলিনি। কিন্তু বর্তমানে নাজনিন খান প্রিয়া আসামাজিক আচারণের দায়ে মানব উন্নয়ন কেন্দ্র মউক হতে গত ৩০ সেপ্টেম্বর চাকুরিচ্যুত হন।

চাকরিচ্যুত হওয়ার পর গত দুই মাস যাবৎ তিনি বিভিন্ন সময়ে আমাকে পূর্বের সেই ঘনিষ্ট ছবিগুলি ভাইরাল করে দিবে ও পত্রিকায় সংবাদ ছাপানোর ভয় দেখিয়ে দুই লক্ষ টাকা চাঁদা দাবী করেন। ইতোমধ্যে আমি সামাজিক ও পারিবারিক ভয়ে তাকে বিশ হাজার টাকা প্রদান করেছি। এর পরে নাজনীন খান প্রিয়া বিভিন্ন নাম্বার থেকে ফোন দেওয়ায়, ভয়ে আমি আমার ব্যবহৃত সিমটি ফেলে দিয়েছি। বর্তমানে আমি সব সময় আতঙ্কিত আছি যেকোন সময়ে নাজনীন খান প্রিয়াসহ তাদের গ্রুপ আমাকে ব্ল্যাক মেইল করে বড় ধরনের ক্ষয়-ক্ষতি ও মামলা-মোকদ্দমা করিয়ে সামাজিক ও পারিবারিক ভাবে হেয় প্রতিপন্ন করে নিঃস্ব করে দেবে।

মেহেরপুর সদর থানার ভাপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন, ভুক্তভোগীর মামলা দায়ের হওয়ার পর তার শহরের ভাড়া বাসাতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

তিনি জানান, নাজনীন খান প্রিয়া শহরের বিত্তশালীদের সাথে প্রেমের সম্পর্ক করে তাদের সাথে শারীরিক সম্পর্ক গড়ে সেটি ভিডিও ধারণ করে। পরে সেই ভিডিও নিয়ে শুরু করে ব্লাকমেইলের মাধ্যমে চাঁদাবাজি।

ওসি রফিকুল ইসলাম জানান, নাজনীন খান প্রিয়াকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

একাধিক সূত্র জানা গেছে, নাজনীন খান প্রিয়াসহ ৮ থেকে ৯ জনের সুন্দরী নারী রয়েছেন। এসকল সুন্দরী নারীদের ব্যবহার করে মেহেরপুর শহরের কিছু সিনিয়র ও জুনিয়র সাংবাদিক ব্ল্যাকমেইল করে চাঁদা দাবী করেন বলেও পুলিশের কাছে অভিযোগ রয়েছে। তারা বিভিন্ন সময়ে পুরুষদের প্রেমের ফাঁদে ফেলে আসামাজিক কাজে লিপ্ত হয়। নাজনীন খান প্রিয়া মানব উন্নয়ন কেন্দ্র মউকের মাঠ কর্মী হিসেবে কাজ করতেন।

পরে সে মানব উন্নয়ন কেন্দ্রের একটি ফেইসবুক পেইজ ‘মানবতার চোখ’ এ উপস্থাপক হিসেবে কাজ করেছেন। সে শহরে নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে আসছিলেন।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল আজমের ৬৭ তম জন্মবাষিকী পালন

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক কবি,সাহিত্যিক,নাট্যব্যাক্তিত্য হামিদুল ইসলাম আজমের ৬৭ তম জন্মবার্ষিকি পালিত হয়েছে।

দুপুর ২ টার দিকে আলমডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে জন্মদিন পালন অনুষ্টানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সাহিত্য পপরিষদের সাধারন সম্পাদক আ,ফ,ম সিরাজ সামজী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা কবি আব্দুল কাদের। তিনি বলেন হামিদুল ইসলাম আজম একজন বহুমুখি প্রতিভার
নাম,সেএকাধারে,নাট্যাভিনেতা,নাট্যকার,কবি,সাহিত্যিক,সাংবাদিক,প্রাবন্ধিক, ফুটবলার,বাচিক শিল্পি, সংগঠক,রাজনৈতিক ব্যাক্তিত্ব সহ বহুমুখি প্রতিভার অধিকারি।আমি দীর্ঘদিন থেকে তাকে দেখছি,সাংবাদিক হিসেবে।

সাহিত্য পরিষদ গঠন করার বেশ কিছুদিন পর আজম সাহেব আমাদের সাথে যোগ দেয়,আজ বলতে দ্বিধা নেই হামিদুল আজম সাহিত্য পরিষদে যোগ দেবার পর সাহিত্য পরিষদ গতিশীল হয়েছে।আমি তার সার্বিক মঙ্গল কামনা করছি।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাষ্টার,আলমডাঙ্গা সাংস্কৃতিক জোটের সভাপতি ডাঃ অমল কুমার। ,আলাউদ্দিন আহমেদ পাঠাগারের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরি

উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন প্রেসক্লাবের সহ-সভাপতি মাথাভাঙ্গা ব্যুরোপ্রধান রহমান মুকুল,যুগ্ম সাধারন সম্পাদক ও পশ্চিমাঞ্চলের ব্যুরো প্রধান প্রশান্ত বিশ্বাস,সিনিয়র সাংবাদিক আকাশ খবরের ব্যুরো প্রধান ফিরোজ ইফতেখার,গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সভাপতি কবি জামিরুল ইসলাম খান, সাধারন সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার,কবি ও প্রকাশসক কিশোর কারুনিক,ব্যাংক এশিয়ার শাহাবুল ইসলাম,সাংবাদিক শরিফুল ইসলাম,সাংবাদিক তানভীর আহম্মেদ সোহেল,বৈশাখি টিভির ক্যামেরাম্যান সাহরিয়ার মানিক,কবি হাসিনা হারভীয়া প্রমুখ।

কবি হামিদুল ইসলাম আজম তার অনুভুতি ব্যাক্ত করতে গিয়ে জানান,আমি ছোট বয়স থেকে সাংস্কৃতিক কর্মকান্ডে জড়িয়ে পড়ি।বিশেষ করে নাটকের প্রতি আমার বরাবরই ঝোক ছিল।নাটক লেখা,মঞ্চ করা,রেডিও নাটক করা,টেলিভিশনে নাটক করার শখ ছিল,সবই একে একে করেছি,কিন্ত বয়সটা ততোদিনে অনেকদুর গড়িয়ে গেছে,ফুটবল খেলোয়াড় হিসেবে চাকরি করেছি,মাত্র ১৪বছর ৭মাস বয়সে মুক্তিযুদ্ধে অংশ নিতে ভারতে চলে গেছি।আজ বয়স বেড়েছে,কিন্ত মনের জোরে এখনও সব কাজ করে বেড়াচ্ছি।আরো বক্তব্য রাখেন হাটবোয়ালিয়া কলেজের সহকারি অধ্যাপক কবি আসিফ রহিম জোয়ার্দার,কবি মহসিন আলী চান্দ, কবি অহর আলী,প্রমুখ।

সভায় কেক কেটে শুভ জন্মদিন পালন করা হয়,পরে মনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়েছে।

জাগ্রত সাহিত্য সম্মাননা পদক পেলেন সাংবাদিক এসএম জামাল

কুষ্টিয়ার সাংবাদিক ও লেখক এস এম জামাল জাগ্রত সাহিত্য সম্মাননা পদক পেয়েছেন।

গতকাল শনিবার (১২ নভেম্বর) বিকেলে ঢাকা মহানগর নাট্যমঞ্চে মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে জাগ্রত সাহিত্য সম্মাননা-২০২২ উপলক্ষে এ পুরস্কার দেওয়া হয়।

জাগ্রত গ্রুপের চেয়ারম্যান কবি জাগ্রত হিরো শিহাব রিফাত আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দেন একুশে পদকপ্রাপ্ত কবি আল মুজাহিদী।

জাগ্রত গ্রুপের চেয়ারম্যান জাগ্রত হিরো শিহাব রিফাত আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা খ্যাতিমান কবি আল মুজাহিদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, বীর মুক্তিযোদ্ধা ও অভিনেতা আহসানুল হক মিনু, জাগ্রত সাহিত্য পরিষদ এর প্রতিষ্ঠাতা বর্তমান প্রধান উপদেষ্টা সাহিত্যিক ও কবি হাসান টুটুল, বাংলা একাডেমির আজীবন সদস্য কবি আতিক হেলাল, জাগ্রত সাহিত্য পরিষদের সভাপতি আশরাফ চৌধুরী, সেক্রেটারী জেনারেল নাসরিন ইসলাম, প্রচার সম্পাদক মোঃ মেজবাউল হক নাছিম, কবি অধরা আলো, কবি নায়লা পাইলট, কবি শামসুল হক শামীম, কবি এইচ এম হাসান মাহমুদ প্রমুখ

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে রবিবার (১৩ নভেম্বর) বেলা ১১ টার সময় অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ ও বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠিত অভিষেক

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নির্বাচন কমিশনার আবুল কাশেম অনুরাগি, গাংনী প্রেসক্লাবের সহসভাপতি মজনুর রহমান আকাশ, সাধারণ সম্পাদক মাহাবুব আলম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য সাহাজুল সাজু, শিক্ষক নেতা হাসানুজ্জামান, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, তোফায়েল আহম্মেদ।

অভিষেক অনুষ্ঠানে সভাপতি এমএ লিংকন ও সাধারণ সম্পাদক এমএন পাভেলকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেওয়া হয়। এসময় বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডামকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।

মেহেরপুরে সাংবাদিক জনির বিরুদ্ধে চাঁদাবাজীর মামলায় গ্রেফতারী পরোয়ানা

এশিয়ান টিভির মেহেরপুর জেলা প্রতিনিধি মিজানুর রহমান জনির বিরুদ্ধে দায়ের করা চাঁদাবাজি মামলায় আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন।

সম্প্রতি মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে পরোয়ানা তামিলের জন্য মেহেরপুর সদর থানায় প্রেরণ করা হয়েছে। মেহেরপুর জেআরও কোর্ট ইন্সপেক্টর গোলাম মোহাম্মদ এ তথ্য নিশ্চিত করেছেন। যার মামলা নং জিআর ১০৩/২১ ইং।

জানা গেছে, মেহেরপুর সদর উপজেলার ইছাখালি ও ফতেপুরের মাঝে মরাগাং খনন কাজ করার সময় দুই পাড়ের মাটি স্থানীয় মেম্বর মিলন হোসেন বিক্রি করছিলেন। এঘটনায় সাংবাদিক মিজানুর রহমান জনিসহ কয়েকজন সাংবাদিক তাদের নিজস্ব ফেইসবুক পেইজে লাইভ দেন। এতে ক্ষিপ্ত হয়ে মিলন হোসেন মেম্বর তার কাছের মানুষ হিসেবে পরিচিত ফতেপুর গ্রামের আক্কাছ আলীর ছেলে তাবিরুল ইসলাম ওরফে তাবু সাংবাদিক মিজানুর রহমান জনিসহ ৭ জনের বিরুদ্ধে ৩ লাখ ৮০ হাজার টাকা চাঁদা দাবী মারপিট ও সরকারি কাজে বাধা দানের অভিযোগ এনে মেহেরপুর সদর

থানায় একটি চাঁদাবাজি মামলা দায়ের করেন।সদর থানার মামলা নং ১৯, তারিখ ২০/০৪/২০২১ ইং, ধারা ১৪৩/৩২৩/৩৮৫/৫০৬/৩৪ দ:বিধি।

মামলাটি দীর্ঘদিন তদন্ত করেন মেহেরপুর সদর থানার উপপরিদর্শক আব্দুল্লাহ আলম মামুন এজাহার নামীয় ১ নং আসামি মিজানুর রহমান জনির বিরুদ্ধে পেনাল কোড ৩২৩/৩৮৫/৫০৬ ধারার অপরাধ প্রাথমিক ভাবে প্রমাণিত হওয়ায় ৩১/০৮/২০২১ তারিখে অভিযোগ দাখিল করেন। কিন্তু এজাহার নামীয় অপর ৬ আসামি মহসিন আলী, মফিজুল ইসলাম, ইসরাফিল হোসেন, লাল্টু মিয়া, আরিফুল ইসলাম ও মো: সাইদুর রহমানকে মামলা থেকে অব্যাহতি দেন।

পুলিশ এজাহার নামীয় ৬ জনকে বাদ দিয়ে চার্জশীট দেওয়ায় বাদী তবিবর রহমান তবি নারাজি আবেদন করলে বিজ্ঞ আদালত বাদীর আবেদনের প্রেক্ষিতে বিজ্ঞ আদালত আবেদনটি গ্রহণ করে কুষ্টিয়া পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনকে (পিবিআই) মামলাটি অধিকতর তদন্তের নির্দেশ দেন। আদালতের নির্দেশে বিগত ৯/১২/২০২১ তারিখে পিবিআই মামলাটি গ্রহণ করে তদন্ত শুরু করে। তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা পুলিশ ব্যুরো অব ইনস্টিগেশন (পিবিআই) এর উপপরিদর্শক (এসআই) বলরাম বিশ্বাস মিজানুর রহমান জনিকে অভিযুক্ত করে গত ৩১/০৭/২০২২ তারিখে আদালতে চার্জশীট দাখিল করেন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নির্বাচন সম্পন্ন লিংকন সভাপতি, পাভেল সম্পাদক

আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার (৬ নভেম্বর) বার্ষিক নির্বাচনে এম এ লিংকন সভাপতি ও এমএন পাভেল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে সভাপতি পদে এমএ লিংকন পেয়েছেন ৮ ভোট নিকটতম প্রতিদ্বন্দ্বী জুলফিকার আলী কানন পান ৬ ভোট ও অপর প্রার্থী হারুন অর রশিদ রবি পেয়েছেন মাত্র ১ ভোট, সাধারণ সম্পাদক পদে ৯

ভোট পেয়ে এমএন পাভেল নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী লিটন মাহমুদ পান ৬ ভোট।

নির্বাচনে অতিথি ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বাসসের মেহেরপুর প্রতিনিধি দিলরুবা খাতুন, চ্যানেল নাইনের মেহেরপুর প্রতিনিধি আবু নাসের চৌধুরী, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, সিনিয়র সাংবাদিক মজনুর রহমান আকাশ, মাজেদুল হক মানিক।

নির্বাচনে তিন সদস্যের নির্বাচন কমিশনে প্রধান নির্বাচন কমিশনের দায়ীত্ব পালন করেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ত্ব সিরাজুল ইসলাম। এছাড়া নির্বাচন কমিশন ছিলেন আবুল কাশেম অনুরাগী ও বদরুজ্জামান লাল্টু।

ইবি প্রেসক্লাবের সভাপতি হুরাইরা, সম্পাদক পাপ্পু

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মরত সাংবাদিকদের সংগঠন ইবি প্রেসক্লাবের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন-২০২২ সম্পন্ন হয়েছে।

এতে দৈনিক প্রতিদিনের সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবু হুরাইরা সভাপতি এবং সমকালের মুতাসিম বিল্লাহ পাপ্পু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সোমবার (৩১ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্নারে অনুষ্ঠিত নির্বাচনে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তারা নির্বাচিত হন। সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

পরে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে ফল ঘোষণা করেন ইবি প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক

(ভারপ্রাপ্ত) এ কে আজাদ লাভলু। এরপর প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মাহবুবুর রহমান পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি রুমি নোমান (জাগো নিউজ) ও আহসান নাঈম (একুশে টেলিভিশন), যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব আলম রায়হান (ভোরের কাগজ), দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম নাহিদ (কালের কণ্ঠ), কোষাধ্যক্ষ আদিল সরকার (সময়ের আলো), প্রচার, প্রকাশনা ও সাহিত্য সম্পাদক রাকিব হোসেন রেদওয়ান (বাংলাদেশ প্রতিদিন), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আজাহারুল ইসলাম (জনকণ্ঠ)।

কার্যনিবার্হী সদস্য সরকার মাসুম (দৈনিক যুগান্তর), তারিকুল ইসলাম (বাংলা নিউজ২৪), নুর আলম (একাত্তর পোস্ট), আবির হোসেন (ক্যাম্পাস লাইভ-২৪) এবং নাজমুল হুসাইন (বাংলা ট্রিবিউন)।

ফল ঘোষণাকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. আনোয়ার হোসেন ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. শেলীনা নাসরীনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক কর্মকর্তা ও শাখা ছাত্রলীগসহ বিভিন্ন শিক্ষক-ছাত্র সংগঠনের নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় হত্যার শিকার সাংবাদিককে গ্রেফতারে বাড়িতে পুলিশ

কুষ্টিয়ায় নিখোঁজের পাঁচ দিন পর গত ৭ জুলাই সাংবাদিক হাসিবুর রহমান রুবেলের (৩১) লাশ উদ্ধার করা হয়। এ ঘটনার সাড়ে তিন মাস পর তাকে গ্রেফতারের জন্য বাড়িতে গেছে পুলিশ।

শনিবার (২২ অক্টোবর) দুপুর সোয়া ১টায় কুষ্টিয়া শহরে রুবেলের

বাড়িতে যান মিলপাড়া ফাঁড়ির সহকারী উপপরিদর্শক (এএসআই) আসাদুল ইসলাম।

রুবেলের চাচা মিজানুর রহমান বলেন, ‘ দুপুরের দিকে এএসআই আসাদুল কুষ্টিয়া শহরের এ/৩৯ নম্বর হাউজিং কালিশংকরপুরের বাসায় এসে রুবেলের খোঁজ করেন। কারণ জানতে চাইলে এএসআই বলেন, “রুবেলের নামে ওয়ারেন্ট আছে। তাকে গ্রেফতার করে ওয়ারেন্ট তামিল করতে হবে”। তখন ওই পুলিশ কর্মকর্তাকে জানাই, “রুবেল কবরস্থানে শুয়ে আছে”। এ কথা শোনার পর রুবেলের মৃত্যু সনদ চান তিনি। তখন তাকে মৃত্যু সনদ সরবরাহ করা হয়।’

এ বিষয়ে কুষ্টিয়া মডেল থানার মিলপাড়া ফাঁড়ির এএসআই আসাদুল ইসলাম বলেন, ‘আদালতের সিআর ৩১০/২২ নম্বরের ওয়ারেন্ট রুবেলের নামে ইস্যু হয়। এটি হাতে পাওয়ার পর তার বাসায় গিয়ে জানতে পারি, তিনি মারা গেছেন। এরপর তার মৃত্যু সনদ নিয়ে আদালতে একটি প্রতিবেদন দেওয়া হয়েছে।’

তিনি আরও বলেন, ‘হাসিবুর রহমান রুবেলের নামে চেক সংক্রান্ত একটি মামলায় (এনআইডি এক্টের ১৩৮ ধারায়) ওয়ারেন্ট ইস্যু হয়েছে।’

উল্লেখ্য, হাসিবুর রহমান রুবেল কুষ্টিয়া জেলা রিপোর্টার্স ক্লাবের সাধারণ সম্পাদক, স্থানীয় দৈনিক কুষ্টিয়ার খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক ও দৈনিক আমাদের নতুন সময় পত্রিকার জেলা প্রতিনিধি ছিলেন। নিখোঁজের পাঁচ দিন পর গত ৭ জুলাই দুপুরে কুমারখালী উপজেলার যদুবয়রা ইউনিয়নে গড়াই নদী থেকে লাশ উদ্ধার করে পুলিশ।